বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মূখপাত্র/২০১১/১৫৪১

তারিখঃ ১২/০৮/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫২৪ তম কমিশন সভা অদ্য ১২/০৮/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. সভায় ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর রাইট শেয়ার (১ঃ২ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ২টি সাধারণ শেয়ারের বিপরিতে ১টি রাইট শেয়ার) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে আইসিবি -কে কমিশন ২,১০,৯৩,৭৫০ টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ৫০০ (৪০০ টাকা প্রিমিয়ামসহ) মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ১০৫৪,৬৮,৭৫,০০০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে প্রাইমারী ও সেকেন্ডারী মার্কেটে বিনিয়োগ এবং ঋণ পরিশোধে ব্যবহার করবে।

২. Hamid Fabrics Limited এর ৩৫.০০ টাকা মূল্যমানের ৩.০০ কোটি টি সাধারণ শেয়ার (প্রতিটি শেয়ার ২৫.০০ টাকা প্রিমিয়ামসহ) প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১০৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ঋণ পরিশোধ, ব্যবসায় সম্প্রসারণ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন, ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাবসহ বিগত পাঁচ বছরের Weighted Average শেয়ার প্রতি আয় (EPS) ২.৯৭ টাকা (Consolidated) এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৪১.১৪ টাকা (পুণঃ মূল্যায়িত)। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited।

৩. কমিশন আজকের সভায় Lanka Bangla Finance Limited এর ৩০০ কোটি টাকার Non Covertible Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৬ মাস থেকে ৩ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Un-secured, Non listed এবং Non Covertible Zero Coupon Bond। কর্পোরেট প্রতিষ্ঠানসমূহ, ফান্ডসমূহ এবং আর্থিক প্রাতিষ্ঠান সমূহ শুধুমাত্র প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Lanka Bangla Finance Limited তারল্য প্রবাহ বৃদ্ধি, চলতি আর্থিক প্রয়োজন মেটাবে। Lanka Bangla Finance Limited Non Convertible Zero Coupon Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা। এই বন্ডের Trustee হিসেবে Green Delta Insurance Company Limited কাজ করবে।

৪. সভায় Active Fine Chemicals Limited কে ২ (দুই) কোটি সাধারণ শেয়ার প্রতিটি ৬০ টাকা মূল্যে (অভিহিত মূল্য ১০ টাকা এবং ৫০ টাকা প্রিমিয়ামসহ) ইস্যুর মাধ্যমে ১২০ (একশত বিশ) কোটি টাকা মূলধন উত্তোলনের প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে যেখানে পরিশোধিত মূলধন ২০ (বিশ) কোটি টাকা এবং শেয়ার প্রিমিয়াম ১০০ (একশত) কোটি টাকা। উল্লেখ্য, কোম্পানীর বর্তমান শেয়ারহোল্ডার ব্যতীত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB) এবং/অথবা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীসমূহের নিকট ইস্যুর মাধ্যমে (Private Placement এর মাধ্যমে মূলধনে অংশগ্রহন) এই পুঁজি উত্তোলন এর প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। উল্লেখ্য, বর্ণিত ইস্যুকৃত শেয়ারসমূহ ৩ বছরের জন্য lock-in থাকবে।

৫. অনুমোদিত নতুন প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর আবেদন পদ্ধতি আগামী সেপ্টেম্বর ২০১৪ ইং মাসের প্রথমে যে কোম্পানীর চাঁদা গ্রহণ শুরু হবে তার মাধ্যমে পাইলট প্রজেক্ট হিসাবে উদ্বোধন করা হবে। পাইলট প্রজেক্টে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (DSE) এর ৬৬ টি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ (CSE) এর ৩৬ টি ব্রোকার এবং ১৬ টি মার্চেন্ট ব্যাংক অংশগ্রহন করবে। সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ, স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংক বিষয়টি তাদের গ্রাহকদের অবহিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৬. প্রাথমিক গণ প্রস্তাব সংক্রান্ত কমিশনে দাখিলকৃত ভেন্ডর চুক্তিতে ভূমি অধিগ্রহন সংক্রান্ত অসত্য তথ্য সরবরাহ করার মাধ্যমে Dragon Sweater & Spinning Ltd. (Unlisted), Securities and Exchange Commission (Public Issue) Rules, 2006 এর Rule 19 ভঙ্গ করেছে, যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 অনুযায়ী জরিমানাযোগ্য। কমিশন আজকের সভায় Dragon Sweater & Spinning Ltd. -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা এবং ইস্যু ম্যানেজার উক্ত অসত্য তথ্য যথাযথ যাচাই-বাছাই না করে কমিশনে দাখিল করায় ইস্যু ম্যানেজার First Securities Services Limited -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও উক্ত ইস্যু ম্যানেজার First Securities Services Limited -কে ১ বছরের জন্য ইস্যু ম্যানেজার হিসাবে কার্যক্রম স্থগিত করারও সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৭. স্টক ব্রোকার/স্টক ডিলার Global Securities Limited (DSE Mem. No. 60) -এ কমিশনের পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির (40 P/E উর্ধ্ব) শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010, SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ লংঘন; লিখিত প্রতিবেদনে মার্জিন ঋণ প্রদান না করার কথা উল্লেখ করলেও ক্যাশ হিসাবে নেগেটিভ ব্যালেন্স পাওয়ার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 লংঘন; এছাড়াও ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Section 3(1) এর লংঘন;

খ) ২০১০, ২০১১ এবং ২০১২ বৎসরের Consolidated Customer Account-এ পরিশোধযোগ্য ক্লায়েন্টদের তহবিলে ঘাটতি থাকার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর অচরণবিধি ১ লংঘন;

গ) কাস্টমার লেজার -এ শেয়ারের সঠিক হিসাব না রাখা এবং কাস্টমার লেজার হালনাগাদ না রাখার মাধ্যমে ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধি-৫৩ এর তফসিল-৫ এর আচরণবিধি ১ এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 8(cc) লংঘন;

ঘ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ গ্রহনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8 (1) (c) (i) লংঘন;

ঙ) অথরাইজেশন লেটার ব্যতীত BO হিসাবধারী ছাড়া অন্য ব্যক্তি বরাবরে চেক ইস্যু করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ ও উক্ত বিধিমালায় বর্ণিত অনুমোদিত প্রতিনিধিদের আচরণবিধি ২ এর ২(২) এবং ২(৪) লংঘন; এবং

চ) পরিচালকগণ কর্তৃক ঋণ সুবিধা গ্রহণ করে শেয়ার লেনদেনের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Global Securities Limited -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৮. স্টক ব্রোকার/ডিলার Finvest Services Limited (CSE Membership No. 66) -এ কমিশনের পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) ডিলার একাউন্টে ২০১২ সালে কোন লেনদেন না করায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ লংঘন;

খ) ঋন চুক্তি ব্যতিরেকে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1) (ccc) লংঘন; এবং

গ) "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে netting সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় উক্ত প্রতিষ্ঠানকে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৯. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর মহাব্যবস্থাপক জনাব খন্দকার আসাদ উল্লাহ এর বিরুদ্ধে সিকিউরিটিজ আইন ভঙ্গসহ অন্যান্য অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় পুঁজিবাজারের বৃহত্তর স্বার্থে এবং শৃঙ্খলা আনয়নের জন্য তাঁকে অবিলম্বে সাময়িক বরখাস্ত করে পরবর্তী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণপূর্বক কমিশনকে অবহিত করার জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ -কে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

Rahman
১২।০৮।২০১২

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র